গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১১৮

## আগামীকাল বিশ্ব ও জাতীয় পরিসংখ্যান দিবস

রাজশাহী : ৩ কার্তিক (১৯ অক্টোবর) :

'সবার জন্য গুণগত পরিসংখ্যান এবং তথ্য' এ প্রতিপাদ্যকে সামনে রেখে আগামীকাল (২০ অক্টোবর) বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের আয়োজনে রাজশাহীতে উদযাপিত হবে বিশ্ব পরিসংখ্যান দিবস ও জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৫। দিবসটি উদযাপন উপলক্ষে আগামীকাল সোমবার সকাল ১০টায় রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে একটি র‍্যালি বের হবে। র‍্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হয়ে একইস্থানে এসে শেষ হবে।

র‍্যালি শেষে সকাল সাড়ে ১০টায় বিভাগীয় কমিশনারের সম্মেলনকক্ষে প্রতিপাদ্য বিষয়ে অনুষ্ঠিত হবে আলোচনা সভা। সভায় সভাপতিত্ব করবেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

উল্লেখ্য যে, প্রতি পাঁচ বছর অন্তর বিশ্ব পরিসংখ্যান দিবস উদযাপিত হয় এবং পূর্বে জাতীয় পরিসংখ্যান দিবস উদযাপিত হতো প্রতি বছর ২৭ ফেব্রুয়ারি। সরকারি ব্যয় সাশ্রয়ের লক্ষ্যে অন্তর্বর্তীকালীন সরকার আন্তর্জাতিক দিবস উদযাপনকে প্রাধান্য দিয়ে ২০ অক্টোবর ২০২৫ তারিখে 'বিশ্ব পরিসংখ্যান দিবস' এবং 'জাতীয় পরিসংখ্যান দিবস' একই সাথে উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। জাতীয় পরিসংখ্যান দিবস প্রতিবছর উদযাপিত হবে।

.................................................

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৭:৩০ঘ.